দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা ... ৫ কলাম ... 1

097

# সাংস্কৃতিক কমিশনের সদস্যরা রাষ্ট্রপতির সঙ্গে দেখা করেছেন

সাংস্কৃতিক কমিশনের নির্বাহী কমিটির সদস্যরা গতকাল রোববার সকালে রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সাথে দেখা করেন ও কমিশনের অগ্রগতি সম্পর্কে তাকে অবহিত করেন। খবর বাসস'র।

সাংস্কৃতিক কমিশনের চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আলী আহসানের নেতৃত্বে নির্বাহী কমিটির সদস্যরা সাংস্কৃতিক কমিশন প্রচারিত প্রশ্নমালা সম্পর্কে রাষ্ট্রপতির সঙ্গে মতবিনিময় করেন।

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী নূর মোহাম্মদ খান এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সৈয়দ আহমদ রাষ্ট্রপতির সচিবালয়ে ঐ বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে উপস্থিত অন্য সদস্যরা হচ্ছেন ডঃ আলাউদ্দিন আল আজাদ, ডঃ এনামুল হক, ডঃ মনিরুজ্জামান, ডঃ আশরাফ সিদ্দিকী, ও ডঃ মাহমুদ শাহ কোরেশী।

আলোচনাকালে রাষ্ট্রপতি যথাযথ পরিপ্রেক্ষিতে সংস্কৃতি, উত্তরাধিকার ও ঐতিহ্যের সুষ্ঠু নির্ণয়ের ক্ষেত্রে কমিশনের কাজের গুরুত্ব তুলে ধরেন।

সংস্কৃতি ও ঐতিহ্যের ক্ষেত্রে মৌলিকত্ব তুলে ধরার প্রয়োজনের ওপর গুরুত্বারোপ করে রাষ্ট্রপতি মত প্রকাশ করেন যে, ধর্ম সকল সময়ই আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকারের ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করছে।

রাষ্ট্রপতি এরশাদ দৃঢ়ভাবে বলেন, বিদেশী সংস্কৃতির প্রভাবে আমাদের জাতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের স্বকীয় বৈশিষ্ট্য ও মৌলিকত্ব নষ্ট হতে দেয়া যাবে না।

রাষ্ট্রপতি এরশাদ বলেন, বাংলাদেশ এ বছর ও গতবছর প্রলংকরী বন্যা মোকাবেলা করতে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করে বিশ্বের সামনে অপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি জোর দিয়ে বলেন, সাংস্কৃতিক ক্ষেত্রেও বাংলাদেশ বিশ্বের সামনে দৃষ্টান্ত স্থাপন করবে।

রাষ্ট্রপতি বলেন, স্বাধীন জাতি হিসেবে বাংলাদেশ জাতীয় উন্নয়নের ক্ষেত্রে স্বাধীন নীতি অনুসরণ করছে এবং বিশ্বের দরবারে আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য মৌলিকত্বসহ তুলে ধরা আমাদের কর্তব্য।

তিনি বলেন, বিশ্বের দরবারে বাংলাদেশের সাংস্কৃতিক উত্তরাধিকার সংগঠিতভাবে তুলে ধরার জন্য একটি স্বতন্ত্র সংগঠন গড়ার সময় এসেছে।

রাষ্ট্রপতি এরশাদ বিশ্বের নামকরা বিশ্ববিদ্যালয় গুলোতে "বাংলাদেশ চেয়ার" স্থাপনের প্রশ্ন সক্রিয়ভাবে বিবেচনা করার ওপর জোর দেন। তিনি বলেন, বাংলাদেশের সাহিত্য ও সংস্কৃতি বিশ্বের সামনে তুলে ধরার জন্যই এটা করা দরকার।

রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, জাতীয় সংস্কৃতি তুলে ধরার ক্ষেত্রে সাংস্কৃতিক কমিশন সঠিক নির্দেশনা গ্রহণ করতে ও আমাদের লক্ষ্য বাস্তবায়নের জন্যে কাজের দিক নির্দেশ করতে পারবে। সাংস্কৃতিক কমিশন গঠনের জন্য কমিশনের চেয়ারম্যান রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান।